



১৯ আষাঢ় ১৪২৮  
০৪ জুলাই ২০২১

বরাবর  
মাননীয় সচিব  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা - ১০০০  
ই-মেইল: secretary@mole.gov.bd

বিষয়: চলমান কোভিড-১৯ দুর্ঘোণে তৈরি পোশাক শিল্পের সকল শ্রমিক ও কর্মীদের কর্মস্থলে নিরাপদ যাতায়াত, যথোপযুক্ত স্বাস্থ্য সুরক্ষা ও বিচার প্রাপ্তির সুযোগ নিশ্চিত করা প্রসঙ্গে।

জনাব,

“সজাগ” কোয়ালিশন ব্লাস্ট, ক্রিস্টিয়ান এইড এবং নারীপক্ষ এর একটি সম্মিলিত উদ্যোগ, যারা সেপ্টেম্বর ২০১৭ থেকে পোশাকশিল্পে কর্মরত নারীর উপর সহিংসতা প্রতিরোধ নিয়ে কাজ করছে। এরই ধারাবাহিকতায় FORGE এর আর্থিক সহায়তায় সম্প্রতি (Demanding accountability of the corporate actors to ensure the labour and human rights of workers impacted by COVID-19 driven economic crisis) নামক প্রকল্পটি গ্রহণ করেছে, যা ২০২০ সালের অক্টোবর থেকে শুরু হয়েছে। প্রকল্পটি সাভার, গাজীপুর সদর এবং কালিয়াকৈর উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে।

বিশ্বব্যাপী করোনা মহামারী বাংলাদেশেও একমহাদুর্ঘোণ সৃষ্টি করেছে। করোনায় আক্রান্ত শনাক্ত এবং মৃত্যুর হার এখন উর্ধ্বমুখী। এ অবস্থায় ০১ জুলাই ২০২১ থেকে ০৭ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত দেশব্যাপী কঠোর লকডাউনে অর্থনৈতিক চাকা সচল রাখার বৃহত্তম মাধ্যম তৈরি পোশাক শিল্পের উৎপাদন অব্যাহত রাখা হয়েছে। কিন্তু চলমান লকডাউনের মধ্যে গণপরিবহন বন্ধ থাকায় যে সকল প্রতিষ্ঠান শ্রমিকদের যাতায়াতের জন্য শর্ত অনুযায়ী এখনও পরিবহনের ব্যবস্থা করেনি সে সকল শ্রমিকদের কর্মস্থলে যাতায়াতে চরম ভোগান্তি ও হয়রানির শিকার হতে হচ্ছে যা ১ জুলাই ২০২১ তারিখে বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক সংবাদ মাধ্যমে প্রচারিত হয়েছে। তাছাড়া একই ভ্যানে বা অন্যান্য যানবাহনে অতিরিক্ত যাত্রী উঠায় তাদের স্বাস্থ্য ঝুঁকিও বেড়ে যাচ্ছে।

সেই সাথে করোনা পরিস্থিতিতে প্রায় দেড় বছর শ্রম আদালত বন্ধ থাকায় বরখাস্তকৃত শ্রমিকরা বাংলাদেশ শ্রম আইনের ৩৩ ধারার অধীনে অভিযোগ করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে, শ্রমিকদের পাওনা প্রদানের জন্য আদালত মালিক ও শ্রমিকের উপস্থিতিতে আলোচনা সাপেক্ষে যে নির্দেশনা দেন তাও বন্ধ থাকায় শ্রমিকেরা তাদের পাওনা প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছে এবং শ্রমিকদের মামলার সাক্ষ্য গ্রহণ থেকে বন্ধ থাকায় মামলার দীর্ঘসূত্রিতা বাড়ছে।

ইতোমধ্যে যে সকল কারখানা কর্তৃপক্ষ নিজ উদ্যোগে কিংবা বিজিএমইএ বা বিকেএমইএ- এর সহযোগিতায় চলমান কোভিড-১৯ দুর্যোগ মোকাবিলায় নিয়োজিত সকল শ্রমিক ও কর্মীদের পরিবহনের ব্যবস্থা, যথোপযুক্ত স্বাস্থ্য সুরক্ষাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করেছেন সজাগ কোয়ালিশনের পক্ষ থেকে তাঁদেরকে আমরা সাধুবাদ জানাই। সেইসাথে পোশাক শিল্পে নিয়োজিত সকল শ্রমিক ও কর্মীদের জীবনের নিরাপত্তা, নিরাপদ পরিবহনের ব্যবস্থা, স্বাস্থ্য সুরক্ষা, শ্রমিকদেও শিশু সুরক্ষার জন্য শিশু দিবাযত্ন কেন্দ্র খোলা রাখাসহ নিরাপদ কর্মপরিবেশ ও বিচার প্রাপ্তির সুযোগ নিশ্চিতের লক্ষ্যে নিম্নোল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন অতীব জরুরী।

#### প্রস্তাবিত কার্যক্রমসমূহ

- ১) কঠোর লকডাউনের মধ্যে যাত্রী পরিবহন বন্ধ থাকায় শর্তানুযায়ী যে সকল শিল্প ও কল-কারখানাগুলো এখন কর্মী ও শ্রমিকদের যাতায়াতের ব্যবস্থা করেনি তাদের নিজ উদ্যোগ ও তত্ত্বাবধানে কর্মী ও শ্রমিকদের বাসস্থান থেকে কর্মস্থলে নিরাপদে যাতায়াতের জন্য যথাযথ পরিবহনের ব্যবস্থা করা;
- ২) করোনাকালীন সময়ে দেশের উচ্চ আদালত ও অধঃস্তন আদালতসমূহে সীমিত আকারে কার্যক্রম চলমান থাকলেও শ্রম আপীল ট্রাইব্যুনালসহ সকল শ্রম আদালতের কার্যক্রম বন্ধ রয়েছে। অথচ শ্রম আদালতে কতিপয় বিষয়ে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে মামলা দায়ের করার আইনী বিধান রয়েছে। এ সকল বিষয়াদি বিবেচনা করতঃ অন্যান্য আদালতের ন্যায় শ্রম আপীল ট্রাইব্যুনাল ও সকল শ্রম আদালতকে সীমিত আকারে সচল রাখার জন্য আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০ অনুযায়ী আদালতের কার্যক্রম পরিচালনা করা;
- ৩) সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে কারখানার প্রবেশ পথে/মুখে ও কারখানার ভিতরে সুনির্দিষ্ট স্থানে সাবান, পানি ও হাত ধোয়ার ব্যবস্থা, দুরত্ব বজায় রেখে কাজের ব্যবস্থা করা এবং কর্মস্থল সংক্রমন মুক্ত রাখতে জীবানুনাশক ব্যবহার নিশ্চিত করতে হবে।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, বৈশ্বিক এ মহামারিতে বাংলাদেশের অর্থনৈতিক চাকা সচল রাখার বৃহত্তম মাধ্যম তৈরি পোশাক শিল্পে নিয়োজিত লক্ষ লক্ষ শ্রমিকের জীবনের নিরাপত্তা বিধান কল্পে তাদের কর্মস্থলে নিরাপদে যাতায়াত, তাদের স্বাস্থ্য সুরক্ষা এবং সর্বোপরি বিচার প্রাপ্তির সুযোগ নিশ্চিত করতে উপরোল্লিখিত প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়নে অতিদ্রুত যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন এবং এতদ্বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা ও প্রয়োজনীয় নির্দেশনা আমাদের একান্ত কাম্য।

সংহতিতে



দলনেতা

সজাগ কোয়ালিশন

অনুলিপিঃ

blast  
ব্লাস্ট

christian  
aid

নারীপক্ষ